



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-০৭

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

‘IRIDP-3 Social Impact Sukuk’ সম্মতমূল্যে সেকেন্ডারি মার্কেটে ক্রয়-বিক্রয় প্রসঙ্গে।

‘অগ্রাধিকারভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3)’ শীর্ষক প্রকল্পের বিপরীতে সুকুক ইস্যুর লক্ষ্যে এ বিভাগের ১৭ এপ্রিল ২০২২ তারিখের ডিএমডি/২২৬/২০২২-৫৯৪ নম্বর পত্রের মাধ্যমে প্রকাশিত প্রসপেক্টাসের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত প্রসপেক্টাস অনুসারে ২০ এপ্রিল ২০২২ তারিখে বার্ষিক ৪.৭৫% রেন্টাল হারে ইস্তিসনা ও ইজারা পদ্ধতিতে ৫,০০০ কোটি টাকার IRIDP-3 Social Impact Sukuk ইস্যু করা হয় যা কেবল অভিজিত মূল্যে ক্রয়-বিক্রয়যোগ্য ছিল। বর্তমানে প্রসপেক্টাসে বর্ণিত শর্তানুসারে উক্ত প্রকল্পের এক-তৃতীয়াংশ বাস্তবায়ন হওয়ায় সুকুকটি সম্মতমূল্যে (negotiated price) সেকেন্ডারি মার্কেটে ক্রয়-বিক্রয় করার যোগ্যতা অর্জন করেছে। এতদপ্রেক্ষিতে, IRIDP-3 Social Impact Sukuk সম্মতমূল্যে ক্রয়-বিক্রয় করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাসুমা সুলতানা)
অতিরিক্ত পরিচালক
ফোন: ৯৫৩০২০৯

ই-মেইল: masuma.sultana@bb.org.bd